# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 27-07-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত প্রত্যেক ভারতবাসীর উচ্চাকাঙ্খা সরূপ হবে বলে নীতি আয়োগের নবম পরিচালন পরিষদের বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল বেলা ১১ টায় আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় ।

৩।কৃষিক্ষেত্রে জৈবসার প্রয়োগের ওপর গুরুত্ব দেওয়া সহ কৃষিকর্মের মাধ্যমে দেশের অর্থনীতি শক্তিশালী করতে রাজ্যপাল গুলাবচান্দ কাটারীয়ার যুবপ্রজন্মের প্রতি আহ্বান ।

এবং

৪। রাজ্যে অনুষ্ঠেয় উপনির্বাচনের জন্য বিজেপি ও প্রধান বিরোধি দল কংগ্রেসের ব্যাপক তৎপরতা শুরু ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত প্রত্যেক ভারতবাসীর উচ্চাকাঙ্খাস্বরূপ । নতুন দিল্লীতে আজ রাষ্ট্রপতি ভবণের সাংস্কৃতিক কেন্দ্রে আয়োজিত নীতি আয়োগের নবম পরিচালন সমিতির

বৈঠককে সম্মোধন করে শ্রী মোদী বলেন যে রাজ্যগুলি যেহেতু প্রত্যক্ষভাবে দেশের সাধারণ নাগরিকদের সঙ্গে যুক্ত ফলে এই লক্ষ্যে উপনীত হওয়ার জন্য রাজ্যগুলিকে সক্রিয় ভূমিকা গ্রহণ করতে হবে । তিনি বলেন যে আজকের এই যুগে সর্বক্ষেত্রে পরিবর্তন ঘটে চলেছে এবং কারিগরী , ভূ-রাজনৈতিক পরিবর্তনগুলো আমাদের সামনে নতুন সুযোগের সৃষ্টি করেছে । প্রধানমন্ত্রী বলেন যে ভারতকে এই সুযোগ গ্রহণ করে এর সহায়ক নীতি প্রস্তুত করে আর্ন্তজাতিক বিনিয়োগকারীদের দৃষ্টি আকর্ষন করতে হবে । তিনি বলেন যে ভারতকে উন্নত রাষ্ট্র গঠন করার এটিই প্রথম এবং প্রাথমিক পদক্ষেপ । প্রধানমন্ত্রী বলেন যে অতিমারীর ভয়াবহতাকে পেছনে ফেলে ভারত বর্তমানে একেবারে সঠিক পথে এগিয়ে চলেছে । শ্রী মোদী বলেন যে দেশবাসীর পূর্ণ উদ্যোম এবং আত্মবিশ্বাস রয়েছে ফলে রাজ্যগুলির ঐকাবদ্ধ প্রয়াস বিকশিত ভারতের লক্ষ্য বাস্তবায়িত করতে সক্ষম । তিনি বলেন যে বিকশিত রাজ্যই বিকশিত ভারত গঠন করতে পারে । প্রধানমন্ত্রী বলেন যে ভারত একটি যুব শক্তিতে পরিপূর্ণ দেশ এবং এর কর্মশক্তি বিশ্ববাসীর কাছে অন্যতম আকর্ষনের বিষয় ফলে এই বিশাল যুব বাহিনীকে দক্ষ কর্মীবাহিনী হিসেবে গড়ে তোলের লক্ষ্য গ্রহণ করতে হবে । তিনি বলেন যে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যে পৌছতে হলে দক্ষতা বিকাশ , উদ্ভাবণী মূলক ক্ষেত্র এবং কর্ম ভিত্তিক জ্ঞানের ওপর বিশেষ ভাবে গুরুত্ব প্রদান করতে হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠার মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । প্রতিমাসে প্রচারিত এই অনুষ্ঠানের এটি হবে ১১২তম পর্ব । অন্যদিকে , লাগাতার তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করার পর শ্রী মোদীর এটি হবে মন-কি-বাত অনুষ্ঠানের দ্বিতীয় পর্ব । এই অনুষ্ঠান আকাশবাণী-দূরদর্শনের সব কটি নেটওয়ার্ক সহ এ আই আর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও প্রচিরিত হবে । অনুষ্ঠানটি এ আই আর নিউজ , ডি ডি নিউজ , প্রধানমন্ত্রীর কার্যালয় এবং তথ্য ও সম্প্রচার

মন্ত্রনালয়ের ইউটিউব চ্যানেলেও সরাসরী প্রচার করা হবে । এই অনুষ্ঠানের পরই আঞ্চলিক ভাষায় এর অনুবাদ প্রচার করা হবে।

--------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্টের বিচারপতি সূর্য কান্ত আগামী সোমবার থেকে তেসরা আগষ্ট পর্যন্ত অনুষ্ঠেয় বিশেষ লোক আদালত সপ্তাহে সর্বস্তরের নাগরিকদের অংশ গ্রহণ করতে আমন্ত্রণ জানিয়েছেন । আকাশবাণীর সংবাদ বিভাগের সঙ্গে কথা বলার সময় বিচারপতি সূর্য কান্ত বলেন যে এই লোক আদালতে পারিবারিক এবং সম্পত্তি সংক্রান্ত বিবাদ , সড়ক দুর্ঘটনা , জমি অধিগ্রহণ সংক্রান্ত ক্ষতিপূরন , শ্রমিকদের বিভিন্ন সমস্যা ইত্যাদি মামলা এই লোক আদালতে গ্রহণ করা হবে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যপাল গুলাব চান্দ কাটারীয়া আজ নিম্ন আসামের বিভিন্ন স্থানে বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধন করা সহ চলতি প্রকল্পগুলোর কাজকর্মের অগ্রগতি খতিয়ে দেখেন ।রাজ্যপাল শ্রী কাটারীয়া আজ ধুবরী জেলার শরৎ চন্দ্র সিংহ কৃষি মহাবিদ্যালয়ের নবনির্মীত প্রেক্ষাগৃহের উদ্বোধন করেন । এছাড়া তিনি মহাবিদ্যালয় সংলগ্ন কৃষি বিজ্ঞান কেন্দ্র পরিদর্শন করে কৃষি বিজ্ঞানীদের উদ্দেশ্যে ভাষণ দেন। রাজ্যপাল শ্রী কাটারীয়া রাসায়নিক সারের পরিবর্তে জৈব সার প্রয়োগ করার ওপর গুরুত্ব আরোপ করা সহ কৃষিকার্য্যের মাধ্যমে দেশের অর্থনীতি শক্তিশালী করার ওপর গুরুত্ব আরোপ করেন । রাজ্যপাল চিরাং জেলার ভূটান সীমান্ত অঞ্চল পরিদর্শন করে সীমান্ত নিরাপত্তা সম্পর্কীত বিষয়ে শীর্ষ আধিকারীকদের সঙ্গে আলোচনা করেন ।রাজ্যপাল জেলার বেংতল কলেজে সীমান্ত চেতনা মঞ্চের পূর্বোত্তর রাজ্য অধিবেশনে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন ।

--------------------------------------------------------------------------------

প্রাধনমন্ত্রী নরেন্দ্র মোদী প্রতিষ্ঠা দিবস উপলক্ষে কেন্দ্রীয় সংরক্ষিত বাহিনী ( সি আর পি এফ )র জোওয়ানদের অভিনন্দন জানিয়েছেন । সামাজিক মাধ্যমের একটি পোষ্টে প্রধানমন্ত্রী বলেছেন যে সি আর পি এফ-এর দেশের প্রতি ত্যাগ এবং অনবদ্য সেবা সত্যিকার অর্থেই প্রশংসার যোগ্য । তিনি বলেন যে এই

বাহিনীর জোওয়ানরা সর্বদা অসীম সাহস প্রদর্শন করে আসছে এবং দেশের সুরক্ষায় অগ্রণী ভূমিকা পালন করে আসছে ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সি আর পি এফ-এর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এই বাহিনীর কাজের ভূয়সী প্রশংসা করেছেন । তিনি সি আর পি এফ-এর আধিকারিক , জোওয়ান এবং তাদের পরিবারের সদস্যদের অভিনন্দন জানিয়েছেন । সামাজিক মাধ্যমের একটি পোষ্টে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন যে জাতীয় সুরক্ষায় সি আর পি এফ অগ্রণী ভূমিকা গ্রহণ করে আসছে । শ্রী শাহ এই বাহিনীর জোওয়ানদের সাহসের প্রশংসা করে বলেন যে নিজের জীবন বিপন্ন করেও তারা সর্বদা বিজয়ের লক্ষ্যে উপনীত হওয়ার চেষ্টা করে আসছে ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ প্রাক্তন রাষ্ট্রপতি তথা বিশিষ্ট বিজ্ঞানী ভারতরত্ন ডক্টর এ পি জে আব্দুল কালামের মৃত্যু বার্ষিকীতে তার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে শ্রী শাহ বলেছেন যে কঠোর পরিশ্রম , সরলতা এবং সংবেদনশীলতার সংমিশ্রনে পূর্ণ প্রাক্তন রাষ্ট্রপতির জীবনশৈলী দেশবাসী বিশেষ করে যুব প্রজন্মকে অনুপ্রাণিত করেছে । শ্রী শাহ বলেন যে জনতার রাষ্ট্রপতি হিসেবে সমাদৃত ডক্টর আব্দুল কালাম নিজের কাজের মাধ্যমে সবাইকে উৎসাহিত করেছিলেন । ডক্টর আব্দুল কালাম সততা , সাহস এবং কঠোর পরিশ্রমের মাধ্যমে জীবনের যেকোন লক্ষ্যে উপনীত হওয়া সম্ভব বলে উল্লেখ করেছিলেন বলে মন্তব্য করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন যে তার এই চিন্তাধারাই দেশের আগামী প্রজন্মকে পথ প্রদর্শন করবে ।

---------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে  হৃদযন্ত্র প্রতিস্থাপন , বৃক্ক প্রতিস্থাপন , আগুনে পোড়া বা ওই ধরণের ৩০০ টি জটিল বা গুরুতর চিকিৎসা ক্ষেত্রে সরকারী হাসপাতাল বা বেসরকারী নার্সিংহোম উভয় স্থানেই আয়ুষ্মানকার্ড ব্যবহার করা যাবে ।গতকাল এক সাংবাদিক সম্মেলনে এই সম্পর্কে তিনি বলেন যে এইসমস্ত রোগের চিকিৎসার জন্য সরকার নির্ধারিত হারে চিকিৎসা ব্যয় বহন করবে তবে এখন থেকে বেসরকারী হাসপাতালে সাধারণ রোগের

চিকিৎসা ক্ষেত্রে আয়ুষ্মান কার্ডের সুবিধা পাওয়া যাবে না বলেও তিনি স্পষ্ট করে দেন ।

-------------------------------------------------------------------

রাজ্যের ৫ টি বিধানসভা আসনে অনুষ্ঠেয় উপ নির্বাচনের জন্য রাজ্যে ক্ষমতাসীন দল বিজেপি ও বিরোধী দল কংগ্রেসের ব্যাপক তৎপরতা আরম্ভ হয়েছে । এদিকে বিজেপি ৫ জন মন্ত্রীকে ৫ টি বিধানসভা আসনের জন্য বিশেষ দায়িত্ব অর্পন করেছে । এ সম্পর্কে রাজ্য বিজেপির সভাপতি ভবেশ কলিতা গতকাল এক সাংবাদিক সম্মেলনে বলেন যে বিহালিতে পীযূষ হাজারিকা , চামগুড়িতে বিমল বরা , সিদলীতে অশোক সিংঘল , ধলাই এ জয়ন্তমল্ল বরুয়া ও বঙাইগাও এ রঞ্জিত কুমার দাস নির্বাচনী প্রস্তুতি থেকে প্রচার পর্যন্ত সবদিক তদারকি করবেন । তিনি জানান যে উপ নির্বাচনে সিদলী আসনে ইউ পি পি এল ও বঙাইগাও এ অগপ প্রার্থী দেওয়ার বিপরীতে বাকী তিনটি আসনে বিজেপি প্রতিদ্বন্দিতা করবে ।একইভাবে কংগ্রেস দল ও উপনির্বাচনের জন্য আসনগুলিতে দলের সাংগঠনিক ভিত শক্তিশালী করতে গুরুত্ব আরোপ করছে । প্রদেশ কংগ্রেসের সভাপতি ভূপেন বরা গতকাল আসনগুলির স্থানীয় নেতার সংগে কথাবার্তা বলে তৃণমূল পর্যায়ে দলের ভিত শক্তিশালী করতে গুরুত্ব আরোপ করেন ।

-------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আগামীকাল দেশভক্ত তরুনরাম ফুকন এর প্রয়ান দিবসকে দেশ ভক্তি দিবস হিসেবে পালন করা হবে । এ উপলক্ষে জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় জেলা আয়ুক্তের সভাকক্ষে সকাল ১১ টায় দেশ ভক্ত তরুনরাম ফুকনের জীবন ও কর্মের উপর এক আলোচনা চক্রের আয়োজন করা হয়েছে ।এতে সম্প্রতি তরুনরাম ফুকনের উপর আয়োজিত রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের হাতে পুরষ্কার তুলে দেওয়া হবে ।এদিকে প্রতিযোগীতার বি গ্রুপে প্রথম স্থান লাভ করা হাইলাকান্দি ওমেন সিনিয়র সেকেন্ডারী স্কুলের দোপাটি পাল রাজ্য স্তরে ইংরেজী ভাষায় বিশেষ পুরষ্কারের জন্য মনোনীত হয়েছে । দোপাটি পালকে রবিবার গৌহাটীতে অনুষ্ঠেয় রাজ্যস্তরের অনুষ্ঠানে পুরষ্কার তুলে দেওয়া হবে ।

---

রাজ্যস্তরের রচনা প্রতিযোগীতায় শিলচর সরকারী বালিকা উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেনীর ছাত্রী রাজলক্ষ্মী বনিক কেটাগরি এ তে প্রথম পুরস্কার লাভ করেছে ।আগামীকাল দেশভক্ত তরুন রাম ফুকনের প্রয়ান দিবস অর্থাৎ  দেশভক্তি দিবস হিসেবে দিনটি উদযাপনের অংগ হিসেবে রাজ্যস্তরের এই প্রতিযোগীতার আয়োজন করা হয়েছিল ।তরুনরাম ফুকন হিজ লাইফ এন্ড এচিভমেন্ট এর উপর রচনা প্রতিযোগীতায় রাজলক্ষ্মী বনিক প্রথম স্থান লাভ করে ।আগামীকাল গৌহাটীতে দেশভক্তি দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রচনা প্রতিযোগীতায় স্থান লাভ করা শিক্ষার্থীরা পুরষ্কার গ্রহণ করবে । রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজারিকা এই পুরষ্কার তুলে দেবেন ।

---

ব্রেকথ্রু সায়েন্স সোসাইটি শিলচর চ্যাপ্টারের পক্ষ থেকে আজ ভারত বাংলাদেশ সীমান্তবর্তী বন্যা কবলিত অঞ্চল লেভারপুতা গ্রাম পঞ্চায়েতের চন্ডিনগর দ্বিতীয় খন্ড এলাকায় বিনামূল্যে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । জেলা স্বাস্থ্য বিভাগ , কাটিগড়া মডেল হাসপাতাল , রাজাটিলা উপস্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক , নার্স ও স্বাস্থ্যকর্মীরা সহ স্থানীয় লোকেদের সহায়তায় শিবির পরিচালনা করা হয়। শিবিরে ১৮০ জন রোগীর চিকিৎসা করা হয় ।

---